

## সবার জন্য ভ্যাকসিনেশন

- + ফ্লু শট
- + Pfizer-এর পেডিয়াট্রিক ডোজ
  - প্রথম ও দ্বিতীয় ডোজ
  - যারা ইমিউনোকম্প্রোমাইজড তাদের জন্য প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ
  - 12 বছর এবং তার বেশী বয়সী ব্যক্তিদের জন্য বুস্টার ডোজ
  - প্রাপ্তবয়স্কদের ডোজের এক-তৃতীয়াংশ শক্তি

### আমাদের যেকোনো হাসপাতালে পাওয়া যাচ্ছে

COVID-19 এবং ফ্লু মৌসুম একসাথে হওয়ায়, নিজেকে এবং আপনার সন্তানদের অসুস্থ হওয়া থেকে রক্ষা করা আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ।

COVID-19 এবং ফ্লু ভ্যাকসিনগুলি অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া এবং এমনকি মৃত্যুর ঝুঁকি কমাতেও নিরাপদ এবং অত্যন্ত কার্যকর।

আপনার সন্তান একই সময়ে একটি COVID-19 ভ্যাকসিন এবং ফ্লু শট পেতে পারেন আপনার নিজ পকেট থেকে কোনও খরচ ছাড়াই।

আপনার জন্য কোন ভ্যাকসিনটি সঠিক সে সম্পর্কে আরও জানুন। QR কোডটি স্ক্যান করুন বা কল করুন **1-844-NYC-4NYC** (1-844-692-4692) নম্বরে।

COVID-19 ভ্যাকসিনগুলি  
সম্পর্কে আরও জানুন

ফ্লু ভ্যাকসিন সম্পর্কে  
আরও জানুন



# ফ্লু এবং COVID-19-এর জন্য কার ভ্যাকসিন নেওয়া উচিত?

## ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) ভ্যাকসিন

ছয় মাস বা তার বেশি বয়সের প্রত্যেকেরই প্রতি বছর একটি মৌসুমী ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) ভ্যাকসিন নেওয়া উচিত, বিশেষ করে:

- + 2 বছরের কম বয়সী শিশু
- + 65-এর অধিক বয়সী মানুষ
- + যারা গর্ভবতী বা সম্প্রতি জন্ম দিয়েছেন
- + যাদের ডায়াবেটিস, হাঁপানি, হৃদরোগ বা এইচআইভির মত মেডিকেল কন্ডিশন রয়েছে
- + স্বাস্থ্যসেবা কর্মী এবং মানুষের শুশ্রূষাকারীগণ সহ অপরিহার্য কর্মীরা, যারা অসুস্থ হওয়ার উচ্চ ঝুঁকিতে রয়েছে। যারা শিশুদের, বিশেষ করে ছয় মাসের কম বয়সী নবজাতকদের সেবা দেন তাদের ফ্লু ভ্যাকসিন নেওয়া উচিত।

## COVID-19 ভ্যাকসিন

বেশিরভাগ লোকেরাই এখন একটি COVID-19 ভ্যাকসিন পাওয়ার যোগ্য:

- + 5 থেকে 11 বছর বয়সী লোকেরা Pfizer-BioNTech-এর দুটি পেডিয়াট্রিক ডোজ (এক তৃতীয়াংশ শক্তির) পেতে পারে
- + 12 বছর বা তার বেশি বয়সের লোকেরা Pfizer-BioNTech ভ্যাকসিনের দুটি ডোজ পেতে পারে

## Pfizer COVID-19 ভ্যাকসিনের প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ

প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ কমপক্ষে 28 দিন আগে COVID-19 ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ পাওয়া, এবং কোনও শারীরিক সমস্যা বা চিকিৎসাগত কারণে দুর্বল ইমিউন সিস্টেম সমৃদ্ধ ব্যক্তিদের জন্য পাওয়া যাচ্ছে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- + ক্যান্সারের সক্রিয় চিকিৎসা
- + ইমিউন সিস্টেমের শক্তি কমাতে অঙ্গ প্রতিস্থাপন এবং ওষুধ
- + বিগত 2 বছরের মধ্যে স্টেম সেল প্রতিস্থাপন
- + মাঝারি বা গুরুতর প্রাথমিক ইমিউনোডেফিসিয়েন্সি
- + এডভান্সড বা চিকিৎসা না করা এইচআইভি
- + রোগ প্রতিরোধ ক্ষমতাকে মাঝারি বা গুরুতরভাবে দুর্বল করে দেয় এমন কর্টিকোস্টেরয়েড বা অন্যান্য ওষুধের উচ্চ মাত্রাযোগে সক্রিয় চিকিৎসা।

Pfizer-এর প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ পেতে আপনার বয়স অবশ্যই 5 বা তার বেশি হতে হবে। ডায়াবেটিস, হৃদরোগ বা ফুসফুসের রোগের মতো অন্যান্য শারীরিক সমস্যা সমৃদ্ধ বেশিরভাগ মানুষের ক্ষেত্রে প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ সুপারিশ করা হয় না।

## COVID-19 বুস্টার ডোজ - Pfizer এবং Moderna ভ্যাকসিন গ্রহীতাগণ

12 বছর বা তার বেশি বয়সী প্রত্যেকেরই তাদের প্রাথমিক Pfizer COVID-19 ভ্যাকসিন সিরিজের দ্বিতীয় ডোজ পাওয়ার অন্তত 5 মাস পরে একটি বুস্টার শট নেওয়া উচিত।

12-17 বছর বয়সী যেসব ব্যক্তির 5 মাসেরও আগে Pfizer-এর প্রাথমিক সিরিজের ভ্যাকসিন পেয়েছিলেন তারা কেবল Pfizer-এর বুস্টার শটের জন্যই যোগ্য। 5-11 বছর বয়সী কিছু কিছু ইমিউনোকম্প্রোমাইজড শিশুরা তাদের দ্বিতীয় শট নেওয়ার 28 দিন পর Pfizer ভ্যাকসিনের অতিরিক্ত ডোজের যোগ্য হতে পারে।

NYC Health + Hospitals ব্যবস্থার হাসপাতাল সমূহ Pfizer এবং J&J ভ্যাকসিনগুলি দিয়ে থাকে। NYC Health + Hospitals/Gotham Health কেন্দ্রসমূহ Moderna ভ্যাকসিনগুলি দিয়ে থাকে। অবস্থানের একটি সম্পূর্ণ তালিকা জন্য, আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন: [nychealthandhospitals.org](https://nychealthandhospitals.org)-এই ঠিকানায়।